কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

কৃষি ভবন, ৪৯-৫১ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

গবেষণা সেল

স্মারক নং ঃ- ১২.২৮৮.০০৫.০০.০০.০১১.২০১৭/৪৩

তারিখ ঃ ২৪ এপ্রিল ২০১৮ / ১১ বৈশাখ ১৪২৫

## গবেষণা প্রস্তাব আহবান

সূত্রঃ বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের স্মারক নং ১২.২০.০০০০.০০৯.২০.০০২.১৬.১০১৬ তারিখঃ ১৫-০৪-২০১৮

১. গবেষণা প্রস্তাব আহবানঃ রাজস্ব খাতের গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/ নির্দেশিকা, ২০১৬ এর আলোকে আগামী ২০১৮-১৯ অর্থ বছরের জন্য বিএডিসিতে কর্মরত কৃষি বিজ্ঞানী ও কৃষি প্রকৌশলীদের নিকট থেকে গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে।

২. শর্তাবলিঃ গবেষণা প্রস্তাব প্রস্তুতির জন্য রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/নির্দেশিকা, ২০১৬ এর পটভূমি, বিশেষ বরাদ্দের লক্ষ্য ও উদ্দেশ্যাবলি, অর্থ বরাদ্দের অগ্রাধিকার ক্ষেত্রসমূহ, গবেষণা প্রস্তাবের মেয়াদকাল, গবেষণা প্রস্তাব প্রেরণ ও গ্রহণ সংক্রান্ত শর্তাবলি নিম্নে উল্লেখ করা হলো।

৩. রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/ নির্দেশিকা, ২০১৬ এর পটভূমিঃ কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন গবেষণা প্রতিষ্ঠান ফসল খাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং প্রতিকূলতা সহিষ্ণু পুষ্টি গুণাগুণ সমৃদ্ধ ফসল উৎপাদনের জন্য আবহাওয়া, প্রকৃতি, মাটির গুণাগুণ ইত্যাদির উপর ভিত্তি করে গবেষণার মাধ্যমে নতুন নতুন জাত ও প্রযুক্তি উদ্ভাবন করে থাকে। কখনও কখনও চলমান কোন গবেষণা কার্যক্রম সম্পন্ন হওয়ার আগে প্রকল্প/কর্মসূচি বন্ধ হলে বা অনুন্নয়ন বাজেটের আওতায় কোন বছর বরাদ্দকৃত অর্থের মাধ্যমে গবেষণা কার্যক্রমের অর্থাভাব হলে অথবা কোন গবেষণা কার্যক্রমে বিশেষ কোন যন্ত্রপাতি ক্রয় কিংবা প্রাকৃতিক দুর্যোগ বা দৈব ও অনাকাঙ্ক্ষিত কারণে গবেষণা কার্যক্রম ক্ষতিগ্রস্ত হলে, উক্ত গবেষণা কার্যক্রমের ধারাবাহিকতা বজায় রাখার জন্য তাৎক্ষণিক অর্থের প্রয়োজনের আবশ্যকতা রয়েছে। এ সকল দিক বিবেচনায় কৃষি মন্ত্রণালয়ের বাজেট বরাদ্দের সচিবালয় অংশে গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতে অর্থের সংস্থান রাখা হয়েছে। উক্ত অর্থ গবেষণা প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বরাদ্দ প্রদানের উদ্দেশ্যে রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/ নির্দেশিকা, ২০১৬ প্রণয়ন করা হয়েছে।

৪. বিশেষ বরাদ্দের লক্ষ্য ও উদ্দেশ্যাবলি : জরুরি ও বিশেষ পরিস্থিতিতে অতি গুরুত্বপূর্ণ গবেষণা/উদ্ভাবনী কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত ব্যয় নির্বাহের জন্য নিরবচ্ছিন্ন অর্থ প্রবাহের লক্ষ্যে রাজস্ব খাতে বিশেষ বরাদ্দের মাধ্যমে কৃষি গবেষণা ও উদ্ভাবনী কার্যক্রম ফলপ্রসূ ও জোরদারকরণের লক্ষ্যে নিম্নরূপ উদ্দেশ্যাবলি অর্জন করতে হবে।

৪.১. টেকসই উন্নয়ন লক্ষ্য (Sustainable Development Goal-SDG) তে প্রস্তাবিত ২০৩০ সালের মধ্যে কৃষির উৎপাদনশীলতা দ্বিগুণকরণে ভূমিকা রাখা ও সহায়তা প্রদান;

৪.২. কৃষি গবেষণা ও উদ্ভাবন কার্যক্রমে অর্থ প্রবাহের ধারাবাহিকতা বজায় রাখা;

৪.৩. বিশেষ অর্থ সহায়তা প্রদানের মাধ্যমে অগ্রাধিকারমূলক কৃষি গবেষণা কার্যক্রম জোরদারকরণ;

৪.৪. চলমান কোন গবেষণা কার্যক্রম সম্পন্ন হওয়ার আগে কোন কারণে গুরুত্বপূর্ণ প্রকল্প/ কর্মসূচি সমাপ্ত/বন্ধ হয়ে গেলে অবশিষ্ট গবেষণা কার্যক্রম সম্পন্নকরণের নিমিত্ত অর্থ বরাদ্দ প্রদান;

৪.৫. অনুন্নয়ন বাজেটের আওতায় বরাদ্দকৃত অর্থের মাধ্যমে পরিচালিত গবেষণা কার্যক্রম কোন কারণে অর্থাভাবে প্রায় চূড়ান্ত পর্যায়ে বন্ধ হওয়ার উপক্রম হলে অবশিষ্ট কাজ সম্পন্ন করার জন্য বরাদ্দ প্রদান;

৪.৬. কোন গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য জরুরি যন্ত্রপাতি কিংবা জরুরি অন্যান্য ক্রয় এবং দৈব বা অনাকাঙ্ক্ষিত কোন দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত গবেষণা কার্যক্রমের ধারাবাহিকতা ব্যাহত হলে তা রক্ষার জন্য বরাদ্দ প্রদান;

৪.৭. সরকার কর্তৃক কোন জরুরি নতুন গবেষণার নির্দেশনা থাকলে এবং এ ক্ষেত্রে প্রকল্প বা কর্মসূচি গ্রহণে বিলম্ব হলে উক্ত গবেষণা কার্যক্রম পরিচালনার প্রাথমিক বরাদ্দ প্রদান; এবং

৪.৮. টেকসই খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিতকরণে সহায়তা প্রদান।

Programmer
25.04.18

৫. বরাদ্দ প্রস্তাবের মেয়াদকাল: বরাদ্দ প্রস্তাবের মেয়াদকাল সর্বোচ্চ ০১ (এক) বছর তবে গবেষণা সম্পন্ন হতে একাধিক বছরের প্রয়োজন হলে বছর ভিত্তিক কাজের বিবরণ ও বাজেটের পরিমাণ উল্লেখ করতে হবে।

৬. প্রতিটি প্রস্তাবে সর্বোচ্চ বাজেট: এই খাতে কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ সবগুলো গবেষণা প্রতিষ্ঠানের জন্য (প্রতি বছর) মোট ১০ কোটি টাকার রাজস্ব খাতের বাজেট আছে। তবে বাজেট সংস্থান, কাজের গুরুত্ব ও প্রয়োজনীয়তার নিরিখে নির্দিষ্ট বছরের জন্য বরাদ্দ প্রদান করা হবে।

৭.০ অর্থ বরাদ্দের অগ্রাধিকার ক্ষেত্রসমূহ: কৃষি মন্ত্রণালয়ের সচিবালয় অংশে গবেষণা ও উদ্ভাবনীর ব্যয় খাতের বরাদ্দ নিম্নলিখিত ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে ব্যবহার করা যাবে।

৭.১. ফসলের সংগ্রহোত্তর ব্যবস্থাপনা (Post harvest management) : ফসল সংগ্রহের পর সংগ্রহোত্তর ক্ষতি কমিয়ে নিরাপদ ও মান সম্পন্ন খাদ্য উৎপাদনে গবেষণা জোরদারকরণ। ফসল কর্তন থেকে শুরু করে মাড়াই, শুকানো ও প্যাকেট জাত করা পর্যন্ত সামগ্রিক কর্মকান্ডে স্বল্প মূল্যে আধুনিক যন্ত্র উদ্ভাবনে গবেষণা করা।

৭.২. কৃষি যন্ত্রপাতি নিয়ে গবেষণা: লাগসই নতুন কৃষি যন্ত্রপাতি উদ্ভাবন এবং উদ্ভাবিত কৃষি যন্ত্রপাতি পরিবেশ ও ব্যবহার উপযোগীকরণের জন্য গবেষণা কার্যক্রম।

৭.৩. লবণাক্ততা, খরা, জলমগ্নতা, তাপ ও ঠান্ডা সহিষ্ণু উচ্চ ফলনশীল জাত ও কৃষি প্রযুক্তি উদ্ভাবন: ফসলের লবণাক্ততা, খরা, বন্যা, ঠান্ডা ও অধিক তাপ সহনশীল এবং স্বল্প মেয়াদি ও প্রযুক্তি উদ্ভাবন আবশ্যক।

৭.৪. গবেষণা/উদ্ভাবনী ব্যয় খাতের বিশেষ বরাদ্দকৃত অর্থ হতে বিদেশ প্রশিক্ষণ/ভ্রমণ, যানবাহন, আসবাবপত্র, অফিস সরঞ্জাম ইত্যাদি বাবদ ব্যয় করা যাবে না।

<u>৮. বিএডিসিতে কর্মরত কৃষি বিজ্ঞানীদের গবেষণা প্রস্তাব তৈরি ও প্রেরণ সংক্রান্ত নির্দেশিকাঃ</u>

৮.১. উপরে বর্ণিত লক্ষ্য, উদ্দেশ্যাবলি, অগ্রাধিকার ক্ষেত্রসমূহ, প্রস্তাবের মেয়াদকাল, বাজেটের পরিমাণ ইত্যাদি বিষয়ের আলোকে সংযুক্ত ফরমেটে (পরিশিষ্ট-ক, এ ফোর সাইজ) সর্বোচ্চ ১০ পৃষ্ঠার মধ্যে গবেষণা প্রস্তাব তৈরি করতে হবে।

৮.২. গবেষণা প্রস্তাব আগামী ২৬ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে (৫ প্রস্ত হার্ডকপি) ড. মোঃ রেজাউল করিম, প্রধান সমন্বয়কারী, বিএডিসি গবেষণা সেল, কৃষি ভবন ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।

৮.৩. যে সকল গবেষক ইতোমধ্যে "রাজস্ব খাতে গবেষণা ও উদ্ভাবনীর জন্য বিশেষ বরাদ্দ ব্যবহার নীতিমালা/ নির্দেশিকা, ২০১৬" খাতের বরাদ্দ পেয়েছেন তাদের কে অবশিষ্ট সময়ের জন্য নতুন করে গবেষলা পত্র জমা প্রদান করতে হবে।

৮.৪. গবেষণা প্রস্তাবের সফট কপি m.r.karim@gmail.com / dr.mahbub68@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।

<u>৯. বিএডিসির গবেষণা সেলের কার্যপরিধি ঃ</u>

৯.১. প্রাপ্ত গবেষণা প্রস্তাব সমূহ লক্ষ্য-উদ্দেশ্য, অগ্রাধিকার ক্ষেত্র, গবেষণার মেয়াদকাল, বাজেটের পরিমাণ ইত্যাদি বিষয়ের আলোকে যাচাই-বাছাই করে গুরুত্বের অগ্রাধিকারে ভিত্তিতে নির্বাচন করে ৩০ এপ্রিল ২০১৮ তারিখের মধ্যে কারিগরি কমিটির নিকট প্রেরণ করবেন।

৯.২. গবেষকদের নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতি ৩ (তিন) মাস অন্তর পর্যালোচনা সভার আয়োজন করবে এবং গবেষণা কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।

৯.৩. প্রতি ৩ (তিন) মাস অন্তর কারিগরি কমিটির নিকট অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন।

[signature] ২৪/০৪/১৮

(ড. মোঃ মাহবুবুর রহমান)
উপব্যবস্থাপক (বীবি)
বীজ বিতরণ বিভাগ, বিএডিসি, ঢাকা
ও
সদস্য সচিব
**গবেষণা সেল, বিএডিসি, ঢাকা**
**মোবাইলঃ ০১৭১৬১৮৫২৭১**

সদয় অবগতির জন্য অনুলিপি প্রদান করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাব্যবস্থাপক (বীজ/এএসসি/পাটবীজ/উদ্যান/সার), বিএডিসি, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্র সেচ/সওকা/নির্মান), বিএডিসি, ঢাকা।
৩। প্রধান (মনিটরিং), বিএডিসি, ঢাকা, ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৪। অতিরিক্ত মহাব্যবস্থাপক (বীপ্রস/কঃগ্রোঃ/খামার/ সিডিপি ক্রপস/বীবি), বিএডিসি, ঢাকা।
৫। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৬। চেয়ারম্যান বিএডিসি, ঢাকা মহোদয়ের একান্ত সচিব।
৭। সদস্য পরিচালক (বীজ ও উদ্যান/ক্ষুদ্র সেচ/সার ব্যবস্থাপনা/অর্থ) বিএডিসি, ঢাকা মহোদয়ের এর সহকারী ব্যক্তিগত কর্মকর্তা।
৮। কৃষি ভবনস্থ সকল নোটিশ বোর্ড।

পরিশিষ্ট-ক

# Pro-forma for submitting Research Proposal

Executing Agency:

1. Research Area:

2. Title of the Research:

3. Duration:

4. Objective(s):

5. Background (The problem and why it is important, and relevance with the national and international goals/policies):

6. Inputs Required:

7. Implementation Location (s):

8. Activity plan with duration:

9. Implementation Approaches and Methodology:

10. Estimated Budget break-up with year wise phasing:
    (Item-wise economic code should be mentioned

11. Expected Output:

12. Beneficiaries and Impacts:
    - Name, address and signature of the Co- Principle Investigator (Co-PI) of the applying organization:
    - Name, address and signature of the Principal Investigator (PI) of the applying organization:
    - Name, address and signature of the head/Authorized Person of the organization: